# আগের তিন নির্বাচনকে বৈধ বলা পর্যবেক্ষকদের সুযোগ দেওয়া হবে না: ইসি



ইসি: সংগৃহীত ছবি

যেসব বিদেশি পর্যবেক্ষক আগের তিনটি জাতীয় সংসদ নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য হিসেবে বৈধতা দিয়েছিলেন, তাদের আর ভবিষ্যতে বাংলাদেশে নির্বাচন পর্যবেক্ষণের সুযোগ দেওয়া হবে না বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন।

মঙ্গলবার (৮ জুলাই) ঢাকায় নিযুক্ত কানাডিয়ান হাইকমিশনার অজিৎ সিংয়ের সঙ্গে নির্বাচন ভবনে বৈঠক শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ মন্তব্য করেন তিনি।

সিইসি আরও জানান, আগামী জাতীয় সংসদ নির্বাচনের তারিখ এখনো চূড়ান্ত হয়নি। দিন নির্ধারণ হলে, নির্ধারিত সময় অনুযায়ী নির্বাচনকালীন প্রস্তুতির জন্য দুই মাস আগেই তা সবার কাছে জানিয়ে দেওয়া হবে।

বৈঠকে কানাডার সঙ্গে বিভিন্ন সহযোগিতার বিষয়ে আলোচনা হয় বলেও জানান তিনি। বিশেষ করে দুর্গম এলাকাগুলোতে ভোটের প্রচার, নারী ভোটারদের অংশগ্রহণ বৃদ্ধির উদ্যোগ এবং নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণের বিষয়ে কানাডার সহযোগিতা কামনা করেছে কমিশন।

বৈঠকে কানাডিয়ান হাইকমিশনারের সঙ্গে আরও একজন প্রতিনিধি উপস্থিত ছিলেন।

LENS ASIA